দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 31 MAY 2016 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৩ ......

# বেসরকারি কলেজ, বিশ্ববিদ্যালয়ে আইন শিক্ষার মান ভালো নয়

--------প্রধান বিচারপতি

■ ইত্তেফাক রিপোর্ট

প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা বলেছেন, আইনের শাসন প্রতিষ্ঠা ও বিচার বিভাগের স্বাধীনতা অক্ষুণ্ন রাখতে শক্তিশালী বার প্রয়োজন। বার শক্তিশালী না থাকলে যোগ্য ও দক্ষ বিচারকও পাওয়া যাবে না। তিনি বলেন, উচ্চ আদালতের বেশিরভাগ বিচারক নিয়োগ দেয়া হয়ে থাকে বার থেকে। তাই যোগ্য ও দক্ষ বিচারক পেতে হলে শক্তিশালী বার প্রয়োজন। আইনের শাসন প্রতিষ্ঠায় আইনজীবীসহ সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহবান জানান তিনি। সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির সাবেক সভাপতি অ্যাডভোকেট শামসুল হক চৌধুরীর ১১ তম স্মরণসভায় গতকাল সোমবার প্রধান বিচারপতি এসব কথা বলেন। শামছুল হক স্মৃতি পরিষদ আয়োজিত এ সভায় সভাপতিত্ব করেন বার কাউন্সিলের ভাইস চেয়ারম্যান আব্দুল বাসেত মজুমদার।

আইন বিষয়ে ডিগ্রি প্রদানকারী বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের সমালোচনা করে প্রধান বিচারপতি বলেন, আইনের শাসন প্রতিষ্ঠা করতে হলে প্রকৃতপক্ষে দক্ষ ও যোগ্য আইনজীবীর প্রয়োজন। ভালো আইনজীবী পেতে হলে ভালো শিক্ষা প্রতিষ্ঠান দরকার। কিন্তু যে সব বেসরকারি কলেজ, বিশ্ববিদ্যালয় রয়েছে সেগুলোর মান একেবারেই নিম্ন পর্যায়ে। এরা ইচ্ছেমত সিলেবাস করে। কোনো মান বজায় রাখা হয় না। পৃষ্ঠা ১৯ কলাম ১

## বেসরকারি কলেজ, বিশ্ববিদ্যালয়ে

প্রথম পৃষ্ঠার পর

পড়ানো হয় না আধুনিক আইন বিজ্ঞানের উপরও। তিনি বলেন, আমাদের এখানে ইনক্যাম ট্যাক্স একটা বড় ব্যাপার। এ বিষয়ে অনেক মামলা হচ্ছে। কিন্তু এ বিষয়ে শিক্ষার্থীদের বিস্তারিত পড়ানো হচ্ছে না। ভারতে করপোরেট ল', ইনকাম ট্যাক্স ল' আলাদা পড়ানো হচ্ছে। আমি আশা করবো আইনজীবীরা এক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালন করবেন। তবে ঢাকা, রাজশাহী ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় থেকে আইনের ডিগ্রী নিয়ে ভালো যোগ্য শিক্ষার্থীরা বের হচ্ছে বলে মনে করেন প্রধান বিচারপতি।

আইনজীবীদের উদ্দেশে প্রধান বিচারপতি বলেন, দেশে অর্থনৈতিক অগ্রগতি হচ্ছে। যদি আইনের শাসন প্রতিষ্ঠিত না হয়, তাহলে বিদেশি বিনিয়োগ আসবে না। যারা বিনিয়োগ করবেন তারা ভেবে দেখবেন মামলা জট বা আইনের শাসন কি ধরনের? অর্থ বিনিয়োগ করলে তা ফেরত পাওয়ার নিশ্চয়তা আছে কিনা? তিনি বলেন, জট কমাতে দ্রুত মামলা নিষ্পত্তির ক্ষেত্রে যে সংস্কারমূলক উদ্যোগ নেয়া হচ্ছে তাতে আইনজীবীদের সহযোগিতা প্রয়োজন। এই সহযোগিতা ব্যতীত কোনোভাবেই বিচার বিভাগের কাঙ্ক্ষিত উন্নয়ন সম্ভব নয়।

সভায় সংবিধান প্রণেতা ড. কামাল হোসেন বলেন, আইনের দৃষ্টিতে সবাই সমান। তবে নিরপেক্ষভাবে আইনের প্রয়োগ করা না হলে বিচার বিভাগের স্বাধীনতা ও আইনের শাসন প্রতিষ্ঠা সম্ভব নয়। বিচারাঙ্গনে যে বিভক্তি রয়েছে তা দূর করতে আইনজীবীদের প্রতি আহবান জানান তিনি। সমিতি মিলনায়তনে অনুষ্ঠিত সভায় অবসরপ্রাপ্ত বিচারপতি নজরুল ইসলাম চৌধুরী, সুপ্রিম কোর্ট বার সভাপতি ইউসুফ হোসেন হুমায়ুন, সুব্রত চৌধুরী, শ ম রেজাউল করিম প্রমুখ বক্তব্য রাখেন।